দৈনিক সংবাদ

তারিখ 20 MAR 1995
পৃষ্ঠা ৭ কলাম ৩

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# আসন ৩৭৩০, আবেদন ৬৩৩১৩

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনার্স প্রথমবর্ষ ভর্তি পরীক্ষায় প্রতিটি আসনের জন্য গড়ে আবেদনপত্র জমা পড়েছে ১৯টি। গত বছরের চেয়ে এবার আবেদনপত্র জমা পড়েছে ১২ হাজারেরও বেশি।

গতকাল ১৯শে মার্চ রোববার ছিল আবেদনপত্র গ্রহণের শেষ দিন। গতকালের তথ্য অনুযায়ী ক, খ, গ ও ঘ–এ ৪ ইউনিটে ৩,৭৩০টি আসনে ভর্তির জন্য আবেদনপত্র জমা পড়েছে ৬৩,৩১৩টি। একই আসনের জন্য গতবার আবেদন পড়েছিল ৫২,০০০টি।

বিজ্ঞান অনুষদ হিসেবে পরিচিত 'ক' ইউনিটে ১,১৫০টি আসনে ভর্তির জন্য আবেদন পড়েছে ২১,৩১৯টি। এ অনুষদে প্রতিটি আসনের জন্য আবেদন জমা পড়েছে ১৯টি।

কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ হিসেবে পরিচিত 'খ' ইউনিটে ১,৫০০ আসনের জন্য আবেদন জমা পড়েছে ১৭,০৩০টি। এ অনুষদে প্রতিটি আসনের জন্য আবেদন জমা পড়েছে ১২টি।

বাণিজ্য অনুষদ হিসেবে পরিচিত 'গ' ইউনিটে ৫৮০টি আসনের জন্য আবেদন জমা পড়েছে ১০,৭৩৯টি। এ অনুষদে ভর্তির জন্য প্রতিটি আসনের জন্য আবেদন পড়েছে ১৯টি।

সব অনুষদের সমন্বয়ে 'ঘ' ইউনিটে প্রতি আসনে ভর্তির জন্য আবেদন জমা পড়েছে ২৮টি।